# ইনোভেশন টিম ভোলা এর
# উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭-২০১৮ অর্থ বছর

১. ভূমিকা

প্রশাসনের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে জেলা এবং উপজেলায় ইনোভেশন টিম গঠন করা হয়। নাগরিক সেবা সহজ ও দ্রুততম সময়ে মানুষের কাছে পৌঁছানোর ক্ষেত্রে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে ভোলা জেলা প্রশাসনের পক্ষ থেকে জানাই স্বাগত। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে জেলা প্রশাসন ভোলাও একমত পোষণ করছে। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদানে ভোলা জেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

২.১ রূপকল্প (Vision)

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর ডিজিটাল ভোলা।

২.২. অভিলক্ষ (Mission)

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে ভোলা জেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।

৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- সহজ সেবা প্রক্রিয়া
- স্বল্প সময়ে সেবা প্রদান
- সেবা গ্রহণে ব্যয় লাঘব
- সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই
- সেবায় নাগরিকের ভোগান্তি লাঘব
- সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সরাসরি সংযোগ
- সেবাগ্রহীতা ও সেবাপ্রদানকরীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন
- জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো
- জনকল্যাণ ও উন্নয়মুখী জেলা প্রশাসন ব্যবস্থাপনা বাস্তবায়ন

**৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা**

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | ভোলা জেলা ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা ইনোভেশন অফিসার, ভোলা। ও অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), ভোলা | নাগরিক সেবা প্রদান সহজ হবে | গৃহীত পরিকল্পনা |
| ২ | ই-ফাইল নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসক, ভোলা | স্বল্প সময় ও কম খরচে নাগরিকগণ সেবা পাবে | ৫০০ জন |
| ৩ | ই-মোবাইল কোর্ট বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসন, ভোলা | স্বল্প সময় ও কম খরচে নাগরিক সেবা বৃদ্ধি পাবে | ১০০ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহকারী কমিশনার (আইসিটি), ভোলা | কাজের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি ও গতিশীলতা আসবে | ২০০ জন |
| ৫ | সামাজিক উদ্ভাবনী উদ্যোগ | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসন, ভোলা | বাল্য বিবাহ প্রতিরোধ ও মাদক বিরোধী অভিযান | পরিচালিত সকল অভিযানের |
| ৬ | চেয়ারম্যান, সচিব ও উদ্যোক্তাদের প্রশিক্ষণ | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসন, ভোলা | ওয়েব পোর্টালে হাল নাগাদ তথ্য আপলোড হবে। | ভোলা জেলার সকল ইউপি সচিব, চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তা (সর্বমোট ২৭২ জন) |
| ৭ | মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক প্রশিক্ষণ | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসন, ভোলা | ছাত্র/ছাত্রীরা সহজে পাঠ অনুধাবন করতে পারবে। মাল্টিমিডিয়া ক্লাসরুমের সংখ্যা বৃদ্ধিপাবে | ২০০ শিক্ষক |
| ৮ | সোস্যাল মিডিয়া সংলাপ | ১ জুন ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা ইনোভেশন অফিসার | সোশ্যাল মিডিয়া সংলাপের মাধ্যমে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি পাবে | ৫০০ জন |
| ৯ | সিটিজেন চার্টার বিষয়ক প্রকাশনা | ১ জুলাই হতে ৩১ অক্টোবর ২০১৮ | জেলা প্রশাসক, ভোলা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহকারী কমিশনার (আইসিটি), ভোলা | নাগরিকগণ সহজে সেবা গ্রহণ বিষয়ে ধারনা নিতে পারবে। | ৫০০ টি |
| ১০ | ভিডিও কনফারেন্স | ১ জুলাই হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসক, ভোলা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহকারী কমিশনার (আইসিটি), ভোলা | সরাসরি যোগাযোগ ও কার্যক্রম সম্পর্কে দ্রুত অবহিতকরণ সম্ভব হবে | ২০ টি |
| ১১ | গণশুনানী গ্রহণ | ১ জুলাই হতে ৩০ জুন ২০১৮ | জেলা প্রশাসন, ভোলা | সাধারণ মানুষের বিভিন্ন সমস্যা এবং অভাব অভিযোগ শুনে সমাধান দেয়া। | প্রতি সপ্তায় ০১ দিন (৫২ দিন) |
| ১২ | ইউডিসির আয় বৃদ্ধি | ১ জুলাই হতে ৩০ জুন ২০১৮ | সহকারী কমিশনার(আইসটি) ও উপজেলা নির্বাহী অফিসার(সকল), ভোলা | ১)উদ্যোক্তাদের নিজস্ব বিনিয়োগে উৎসাহিত করা। ২)আয় বৃদ্ধিতে ইউডিসিতে নতুন সেবা( পরীক্ষার ফি জমা, চাকুরির ফরম পূরন,বিদ্যুৎ বিল পরিশোধ ইত্যাদি ইত্যাদি | আগত সকল সেবা গ্রহণকারী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ | ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ | জেলা ও উপজেলা ইনোভেশন টিম এবং সংশ্লিষ্ট সকল | সেবা প্রদান সহজ হবে এবং মানুষের কষ্ট লাঘব হবে। | ২৫ টি |

৪. কর্মমূল্যায়ন 'ছক'

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | গৃহীত পরিকল্পনা | না= ০ ; হ্যাঁ= ১০ |
| ২ | ই-ফাইল নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতিজনের জন্য .০২ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৩ | ই-মোবাইল কোর্ট বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতি প্রশিক্ষণার্থীর জন্য ০.১ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৪ | জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতিজনের জন্য ০.০৫ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৫ | সামাজিক উদ্ভাবনী উদ্যোগ | গৃহীত উদ্যোগের সংখ্যা | প্রতি উদ্যোগের জন্য নম্বর গৃহীত উদ্যোগের সংখ্যা দ্বারা বিভাজ্য সর্বোচ্চ- ১০ |
| ৬ | চেয়ারম্যান, সচিব ও উদ্যোক্তাদের প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতি প্রশিক্ষণার্থীর জন্য ০.০৪ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৭ | মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতি প্রশিক্ষণার্থীর জন্য ০.০৫ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৮ | সোস্যাল মিডিয়া সংলাপ | সংলাপের সংখ্যা | প্রতিটির জন্য ০.০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৯ | সিটিজেন চার্টার বিষয়ক প্রকাশনা | পুস্তিকার সংখ্যা | প্রতিটির জন্য .০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ১০ | ভিডিও কনফারেন্স | ভিডিও কনফারেন্স এর সংখ্যা | প্রতিটির জন্য .২৫ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ১১ | গণশুনানী গ্রহণ | শুনানী গ্রহণকৃত দিনের সংখ্যা | প্রতি দিনের জন্য .০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ১২ | ডিজিটাল সেন্টারের আয় বৃদ্ধি | সেবা গ্রহণকারীদের উপস্থিতি | প্রতি ১০০ জনের জন্য ০.১০নম্বর সর্বোচ্চ ০৫ |
| ১৩ | বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ | বাৎসরিক প্রতিবেদন স্বীয় ওয়েবসাইটে প্রকাশিত | না= ০ ; হ্যাঁ= ০৫ |
| | | ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের বাৎসারিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | |

৫. সামগ্রিক মূল্যায়ন

বর্ণিত কর্মমূল্যায়নের বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্দ করা হয়েছে। এর মধ্য থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভোলা ইনোভেশন টিমে কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদণ্ড হবে নিম্নরূপঃ

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণি |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |

| | |
|---|---|
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০ এর নিচে | দুর্বল |

উদ্ভাবনী চর্চার সংস্কৃতি সূচনা করার ক্ষেত্রে ভোলা জেলা ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন ও বাস্তবায়ন প্রয়োজন। এ ছাড়া, ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি ভোলা জেলার ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে বিশেষ ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা বাস্তবায়নে ভোলা জেলা প্রশাসন ও জেলা ইনোভেশন টিম, ভোলা বিশস্ততারসাথে আশাবাদী ও প্রতিজ্ঞাবদ্ধ।

০৪.০৯.১৭
সুব্রত কুমার সিকদার
জেলা ইনোভেশন অফিসার
ও
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), ভোলা

৪।৯।১৭
মোহাং সেলিম উদ্দিন
জেলা প্রশাসক
ভোলা

**উদ্ভাবন সংক্রান্ত প্রতিবেদনঃ ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত**
**জেলাঃ ভোলা।**

অত্র জেলায় প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জেলা ও উপজেলা ইনোভেশন টিম সমূহের কার্যক্রম সম্পর্কে পর্যালোচনা করা হয়। নাগরিক সেবায় উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের জন্য জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডাভূক্ত করে আলোচনা করা হয়। অত্র জেলায় ইতোপূর্বে ১১ টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে আরও ১৩ টি উদ্যোগের কার্যক্রম চলমান রয়েছে। এ সকল আইডিয়াগুলো বাস্তবায়িত হলে সাধারণ নাগরিক পূর্বের তুলনায় স্বল্প সময় ও কম খরচে সেবা গ্রহণ করতে পারবে। জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসকগণ এসকল উদ্যোগসমূহের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

গত ১৩-১৫ জানুয়ারি, ২০১৭ খ্রি: অনুষ্ঠিত ডিজিটাল উদ্ভাবনী মেলা উপলক্ষ্যে ইনোভেশন সংক্রান্ত একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়। উল্লেখিত সভা ও কর্মশালায় উদ্ভাবনী আইডিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত ইনোভেশন সংক্রান্ত যে কোন কর্মশাল থেকে ফিরে এসে জেলা এবং উপজেলা ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারীদের সাথে সভা ও আলোচনা করে প্রাপ্ত নির্দেশনাসমূহ প্রদান করেন। জেলা প্রশাসন ভোলা এর ফেসবুক পেজের মাধ্যমে নাগরিকদের বিভিন্ন সমস্যা সমাধান করার বিষয়ে উদ্যোগ নেয়া হয়। ভোলা জেলার উদ্ভাবন সংক্রান্ত বিগত কয়েক মাসের একটি প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হলো:

| বিবরণ | জানুয়ারী, ২০১৭ | ফেব্রুয়ারী ২০১৭ | মার্চ, ২০১৭ | এপ্রিল, ২০১৭ | মে, ২০১৭ |
|---|---|---|---|---|---|
| জেলা উন্নয়ন সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হয়েছে কিনা? | আলোচিত হয়েছে | আলোচিত হয়েছে | আলোচিত হয়েছে | আলোচিত হয়েছে | আলোচিত হয়েছে |
| জেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে কিনা? | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে |
| জেলার কয়টি উপজেলায় ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে। | ৭ টি | ৭ টি | ৭ টি | ৭ টি | ৭ টি |
| উদ্ভাবনী উদ্যোগসমূহের উদ্যোক্তাদের সাথে সভা হয়েছে কি না? | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে | সভা অনুষ্ঠিত হয়েছে |
| উদ্ভাবনী উদ্যোগের জন্য কতজনকে ধন্যবাদসূচক পত্র প্রদান করা হয়েছে | ০৩ জনকে | - | - | ৪ জনকে | - |
| উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে কি? | পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে | পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে | পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে | পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে | পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে |

এছাড়াও ভোলা জেলায় কর্মপরিকল্পনা মতে ১। ই-ফাইল বিষয়ক ০৫ টি ব্যাচে ১২৫ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, ২। ই-মোবাইল কোর্ট বিষয়ক ০৩ টি ব্যাচে ৭৫ জনকে প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে, ৩। শিক্ষকদের মাল্টিমিডিয়া বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে, ৪। জেলা প্রশাসনের কর্মচারীদের কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে, ৫। ০৭ টি ভিডিও কনেফারেন্স করা হয়েছে, ৬। সিটিজেন চার্টার এর পুস্তিকা প্রকাশের কার্যক্রম চলমান

০৪.০৯.১৭

সুব্রত কুমার সিকদার
জেলা ইনোভেশন অফিসার
ও
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), ভোলা।

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# ভোলা সদর উপজেলা প্রশাসন ভোলা এর

# উদ্ভাবন কর্মপরিকল্পনা

১. ভূমিকা

সাধারণ মানুষের কাছে নাগরিক সেবা সহজ ও দ্রুততম সময়ে পৌছানোর ক্ষেত্রে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে ভোলা সদর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানাই স্বাগতম। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে উপজেলা প্রশাসন ভোলাও একমত পোষণ করছে। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদানে ভোলা সদর উপজেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

২.১ রূপকল্প (Vision)

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর ডিজিটাল ভোলা।

২.২. অভিলক্ষ (Mission)

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে ভোলা সদর উপজেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়া।

৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- সহজ সেবা প্রক্রিয়া
- স্বল্প সময়ে সেবা প্রদান
- সেবা গ্রহণে ব্যয় লাঘব
- সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই এবং প্রয়োগ

### ৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা হেয়ারিং | ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | উপজেলা ইনোভেশন অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা। | নাগরিক সেবা প্রদান সহজ হবে | গৃহীত পরিকল্পপনা। |
| ২ | উপজেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান. | ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার ভোলা সদর, ভোলা। | কাজের ক্ষেত্রে আইসিটি বিষয় দক্ষতা বৃদ্ধি ও সার্বিক অফিস ব্যবস্থাপনায় গতিশীলতা আসবে। | ৩০জন। |
| ৩ | উপজেলা পরিষদ নবনির্মিত ভবনকে সিসি ক্যামেরার আওতায় আনায়ন | ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার ভোলা সদর, ভোলা। | সিসি ক্যামেরার আওতায় আনায়নের কারণে অফিসের নিরাপত্তা আসবে। | ইতোপূর্বে পরিবর্তন দেখা গিয়েছে। |
| ৪ | বর্ষাকালে বজ্রপাত/বিজলী প্রতিরোধের জন্য ৩০০০ (তিন হাজার) তাল গাছের বীজ রোপনের কর্মপরিকল্পনা | ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার ভোলা সদর, ভোলা। ও উপজেলা কৃষি অফিসার ভোলা সদর, ভোলা। | বর্ষাকালে বজ্রপাতের হাত থেকে জনসাধারণকে রক্ষার গতিশীলতা আসবে। | বীজ সংগ্রহের কার্যক্রম চলমান। |

চলমান পাতা- ২

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ৫ | বাল্যবিবাহ প্রতিরোধ, সঠিকভাবে জন্মনিবন্ধন করন, মাদকদ্রব্য বহনকারী ও সেবনকারীদের বিষয় নিম্নস্বাক্ষরকারী মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে অবহিত করার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা। ও সহকারী প্রোগ্রামার তথ্য প্রযুক্তি বিভাগ ভোলা সদর, ভোলা। | বাল্যবিবাহ নিরোধ সম্ভব হবে এবং অবৈধ কার্যকলাপ সহজে নির্মূল করা যাবে। | জনসাধারণের মধ্যে পরিবর্তন দেখা যায়। |

৪. কর্ম-কৌশলের বাস্তবায়ন: ২০১৭-২০১৮

০১। মিউটেশনের শুনানীর তারিখ মেসেজের মাধ্যমে অবহিত করন।

০২। সেবাদ্বার স্থাপন/অভিযোগ বক্স স্থাপন।

(মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা ইনোভেশন অফিসার
ভোলা সদর, ভোলা।

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# উপজেলা প্রশাসন, বোরহানউদ্দিন, ভোলা এর উদ্ভাবন কর্মপরিকল্পনা

## ১. ভূমিকা

সাধারণ মানুষের কাছে নাগরিক সেবা সহজে ও দ্রুততম সময়ে পৌছানোর ক্ষেত্রে উদ্ভাবনী চর্চা খুবই গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে উপজেলা প্রশাসন, বোরহানউদ্দিন স্বাগত জানাচ্ছে। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে উপজেলা প্রশাসন, বোরহানউদ্দিনও একমত। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণমুখী সেবা প্রদানে বোরহানউদ্দিন উপজেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

## ২.১ রূপকল্প (Vision)

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং **ITES** (Information Technology Enable Services) নির্ভর উপজেলা হিসেবে আত্মপ্রকাশ।

## ২.২. অভিলক্ষ্য (Mission)

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং **ITES** (Information Technology Enable Services)-কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে বোরহানউদ্দিন উপজেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলকভাবে জনগণের হাতে পৌছে দেওয়া।

## ৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- ✓ সহজ সেবা প্রক্রিয়া
- ✓ স্বল্প সময়ে সেবা প্রদান
- ✓ সেবা গ্রহণে ব্যয় লাঘব
- ✓ সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- ✓ নাগরিকের সেবায় ভোগান্তি লাঘব
- ✓ উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই এবং প্রয়োগ

৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | গণশুনানি-পাবলিক হেয়ারিং | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | সাধারন নাগরিক তার প্রত্যাশিত সেবা পাচ্ছে। নাগরিকগণ সেবা গুণগতমান নিয়ে সন্তোষ প্রকাশ করছে। | উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন এর অনুকূলে নানাবিধ সমস্যা সমাধানের লক্ষ্যে একটি অনলাইন অভিযোগ সফটওয়্যার প্রস্তুত কারা হয়েছে (পরীক্ষামূলক ডাটা সরবরাহ চলছে)। যার ফলে সাধারন নাগরিক যেকোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন এর অনুকূলে অভিযোগ দায়ের করতে পারবেন। তাছাড়া ফেজবুক এবং ইমেইল এর মাধ্যমেও অভিযোগ গ্রহণ করা হবে। |
| ২ | কর্মকর্তা/কর্মচারীদের কর্মক্ষমতা (Performance) পরিমাপ, স্বীকৃতি প্রদান ও পুরস্কৃতকরণ। | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সেবা প্রত্যাশীদের জন্য দ্রুততম সময়ে সেবা প্রদানে আগ্রহের সৃষ্টি হয়েছে এবং কম সময়ে সহজভাবে জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিত হবে। | এ কার্যক্রম চলমান রয়েছে। যার ফলে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কার্মের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। |
| ৩ | তেতুলিয়া রিভার ইকো পার্ক স্থাপন | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | জীব বৈচিত্র্যের ভারসাম্য সংরক্ষণ এবং জনসাধারণের ভ্রবন/বিনোদনের সুযোগ সৃষ্টি হবে। | বিভিন্ন শ্রেণি-পেশার জনসাধারণ এবং বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীদের আনন্দ ভ্রমণের সুযোগ সৃষ্টি হয়েছে। |
| ৪ | ১ মিনিটে ১ লক্ষ গা ছের চারা রোপন | | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | বৈশ্বিক উষ্ণতা রোধ ও জলবায়ু পরিবর্তনজনিত পরিবেশের ভারসাম্য রক্ষায় সহায় হবে। | ভবিষ্যতে সবুজ বেষ্টনি সৃষ্টির মাধ্যকে বৈশ্বক উষ্ণতা রোধ হবে এবং পরিপক্ক গাছ বিক্রয়ের মাধ্যমে আর্থিক লাভবান হবে। |
| ৫ | পাখির অভয়াশ্রম গড়ে | ০১ জানুয়ারি হতে | মোঃ আঃ কুদ্দুস, | উপজেলা ভূমি অফিসের | দেশীয় প্রজাতির পাখির |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | তোলা। | ৩০ জুন ২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | সন্নিকটে সরকারি জমিতে অবস্থিত গাছে নানান প্রজাতির দেশীয় পাখ-পাখালির অভয়াশ্রম গড়ে তোলা হয়েছে। বিলুপ্ত প্রজাতির পাখির বংশ বিস্তারের সহায়ক হবে এবং ভবিষ্যতে বিলুপ্ত প্রজাতির দেশীয় পাখি বংশ বিস্তারের সহায়ক হবে। | নিরাপদ অভয়াশ্রম গড়ে তোলায় পাখির বংশ বৃদ্ধি পাবে এবং পরিবেশের ভারসম্য রক্ষা হবে। |
| ৬ | ২টি পলিথিনমুক্ত বাজার ঘোষণা | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | পলিথিন পরিবেশের জন্য অত্যন্ত ক্ষতিকর। পলিথিনের পরিবর্তে সর্বক্ষেত্রে পাটে ব্যবহার নিশ্চিতকরণ সম্ভব হবে। | পাটের তৈরি পরিবেশ বান্ধব পণ্য উৎপাদন এবং ব্যবহার বৃদ্ধি পাবে। ফলে দেশ পরিবেশ বিপর্যয়ের হাত থেকে রক্ষা পাবে। |
| ৭ | "মাটির টান" ও "আপনাদের ইউএনও" নামে যথাক্রমে উপজেলা ভূমি অফিসের কার্যালয়ে দুটি সার্ভিস ডেলিভারি সেন্টার স্থাপন | | মোঃ আঃ কুদ্দুস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | অসহায়, গরীব জনসাধারণের ভূমি বিরোধ সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে উপজেলা ভূমি অফিসের সম্মুখে 'মাটির টান' নামে সার্ভিস ডেলিভারি সেন্টার এবং<br><br>উপজেলা নির্বাহী অফিসের সম্মুখে 'আপনাদের ইউএনও' নামে সার্ভিস ডেলিভারি সেন্টার খোলা হয়েছে। | তাৎক্ষণিকভাবে জনসাধারণকে ভূমি সংক্রান্ত যাবতিয় নাগরিক সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।<br><br>সরাসরি জনসাধারণের উপস্থিতে তাঁদের অভিযোগ শুনে তাৎক্ষণিকভাবে সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে। এতে সাধারণ জনগণের সুবিচার প্রাপ্তি এবং আইন প্রতি শ্রদ্ধাশীলতা বৃদ্ধি পাচ্ছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | উপজেলা পাবলিক লাইব্রেরি স্থাপন | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দূস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | শিক্ষক, শিক্ষার্থী এবং নানান শ্রেণি পেশার মানুষের মধ্যে বই পড়ার মাধ্যমে জ্ঞান অর্জন করার প্রবণতা বৃদ্ধি পাবে। | বই পড়ার মাধ্যমে জ্ঞান অর্জন এবং যুব সমাজ কর্তৃক বিভিন্ন সামজিক অপরাধ সংগঠিত হাওয়া হ্রাস পেয়েছে। আইন-শৃঙ্খলার স্বাভাবিক রয়েছে। |
| ৯ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মেডিকেল ক্যাম্প পরিচালনা | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দূস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা। | শিশুদের রোগ-বালাই প্রতিরোধ এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাবে। তাছাড়া শিশুরা প্রাথমিক চিকিৎসার ধারনা পাবে। | শিশুদের সুস্বাস্থ্য নিশ্চিত করা সম্ভব হচ্ছে এবং শিশুরা স্বাস্থ্যবান নাগরিক হিসেবে গড়ে ওঠবে। |
| ১০ | মেঘনা ও তেতুলিয়া নদীতে জাটকা ইলিশ রক্ষায় জেলেদের জন্য বিশেষ প্রশিক্ষণ ক্যাম্প পরিচালনা | ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১৭ | মোঃ আঃ কুদ্দূস, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা | মেঘনা ও তেতুলিয়া নদীতে জাটকা ইলিশ রক্ষায় জেলেদের জন্য বিশেষ প্রশিক্ষণ ক্যাম্প পরিচালনা করায় জাটকা নিধন রোধ করা সম্ভব হচ্ছে এবং জেলেদের মধ্যে সচেতনার বৃদ্ধি পেয়েছে। | জেলে এবং মৎস্য ব্যবসায়ীদের মধ্যে সরকারি আইন-কানুন ও নির্দেশনা প্রতিপালনে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং জাটকা ধরা রোধ করে ইলিশ রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব হয়েছে। |

**৪. কর্মমূল্যায়ন ‘ছক’**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | গৃহীত পরিকল্পনা | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ২ | গণশুনানি-পাবলিক হেয়ারিং | সেবা গ্রহণকারীর সংখ্যা | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৩ | কর্মকর্তা/কর্মচারীদের কর্মক্ষমতা (Performance) পরিমাপ, স্বীকৃতি প্রদান ও পুরস্কৃতকরণ। | উপকারভোগীর সংখ্যা | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৪ | তেতুলিয়া রিভার ইকো পার্ক স্থাপন | সেবা গ্রহণকারীর সংখ্যা | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৫ | ১ মিনিটে ১ লক্ষ গাগছের চারা রোপন | সেবা গ্রহণকারীর সংখ্যা | = ০ ; হ্যাঁ= ০৫ |

| | | | |
|---|---|---|---|
| ৬ | পাখির অভয়াশ্রম গড়ে তোলা। | | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৭ | ২টি পলিথিনমুক্ত বাজার ঘোষণা | | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৮ | "মাটির টান" ও "আপনাদের ইউএনও" নামে যথাক্রমে উপজেলা ভূমি অফিসের কার্যালয়ে দুটি সার্ভিস ডেলিভারি সেন্টার স্থাপন | | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ৯ | উপজেলা পাবলিক লাইব্রেরি স্থাপন | | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ১০ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মেডিকেল ক্যাম্প পরিচালনা | | = ০ ; হ্যাঁ= ০৫ |
| ১১ | মেঘনা ও তেতুলিয়া নদীতে জাটকা ইলিশ রক্ষায় জেলেদের জন্য বিশেষ প্রশিক্ষণ ক্যাম্প পরিচালনা | | = ০ ; হ্যাঁ= ০৫ |

৫. সামগ্রিক মূল্যায়ন

বর্ণিত কর্মমূল্যায়নের বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্দ করা হয়েছে। এর মধ্য থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বোরহানউদ্দিন উপজেলা ইনোভেশন টিমে কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদণ্ড হবে নিম্নরূপঃ

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণি |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০ এর নিম্নে | দুর্বল |

উদ্ভাবনী চর্চার সূচনা করার ক্ষেত্রে বোরহানউদ্দিন উপজেলা ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন, প্রয়োজনীয় অর্থায়ন ও বাস্তবায়ন প্রয়োজন। এছাড়া ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি বোরহানউদ্দিন উপজেলা ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে বিশেষ ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও উপজেলা ইনোভেশন টিম, বোরহানউদ্দিন, ভোলা কাজ করে কাঙ্খিত লক্ষ্য অর্জনে আশাবাদী ।

(মোঃ আঃ কুদ্দুস)
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিক সেবা প্রদান | ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | মো:কামাল হোসেন, উপজেলা নির্বাহি অফিসার দৌলতখান, ভোলা। | জনগণ হালনাগাদ তথ্য জানতে পারবে এবং দোড়গোড়ায় সহজে তথ্য প্রযুক্তি বিষয়ক সেবা প্রদান করা হবে। | উপকার ভোগীর সংখ্যা |
| ৩ | ইমেইল এর মাধ্যমে চিঠি আদান-প্রদান | ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | মো: কামাল হোসেন, উপজেলা নির্বাহি অফিসার দৌলতখান, ভোলা। | কাজে গতিশিলতা আসবে। | ই-মেইল এর সংখ্যা |
| ৪ | কৃষকদের দোরগোড়ায় ডিজিটাল কৃষি প্রযুক্তি সেবা প্রদান | ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | জনাব,বিনয় কৃষ্ণ দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, দৌলতখান, ভোলা। | সাধারণ কৃষকের দোড়গোড়ায় সহজে ডিজিটাল কৃষি প্রযুক্তি বিষয়ক সেবা প্রদান করা হবে। | উপকার ভোগীর সংখ্যা |
| ৫ | শূন্য/এক ভিজিটে খতিয়ানের সার্টিফাইড অনুলিপি প্রদান | ০৩ মার্চ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | জনাব মো: কামাল হোসেন, সহকারী কমিশনার (ভূমি) দৌলতখান, ভোলা। | সেবা গ্রহীতার যাতায়াত হ্রাস ও নাগরিকের সেবায় ভোগান্তি লাঘব হবে। | সেবা গ্রহণকারীর সংখ্যা |

**৪. কর্মমূল্যায়ন 'ছক'**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | গৃহীত পরিকল্পনা | না= ০ : হ্যাঁ= ২০ |
| ২ | জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিক সেবা প্রদান (Web Hit Countrer এর ব্যবস্থা করণ) | সেবা গ্রহণকারীর সংখ্যা | ০৫ জনের জন্য ০১ নম্বর সর্বোচ্চ-২০ নম্বর |
| ৩ | ইমেইল এর মাধ্যমে চিঠি আদান-প্রদান | ই-মেইল এর সংখ্যা | ১০ জনের জন্য ০১ নম্বর সর্বোচ্চ ২০ নম্বর |
| ৪ | কৃষকদের দোরগোড়ায় ডিজিটাল কৃষি প্রযুক্তি সেবা প্রদান | উপকারভোগীর সংখ্যা | ১০ জনের জন্য ০১ নম্বর সর্বোচ্চ ২০ নম্বর |
| ৫ | শূন্য/এক ভিজিটে খতিয়ানের সার্টিফাইড অনুলিপি প্রদান | সেবা গ্রহনকারীর সংখ্যা | ২৫ জন সেবা গ্রহীতার জন্য ১ নম্বর সর্বোচ্চ- ২০ নম্বর |

৫. সামগ্রিক মূল্যায়ন

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# উপজেলা প্রশাসন, দৌলতখান, ভোলা এর উদ্ভাবন কর্মপরিকল্পনা

## ১. ভূমিকা

সাধারণ মানুষের কাছে নাগরিক সেবা সহজে ও দ্রুততম সময়ে পৌঁছানোর ক্ষেত্রে উদ্ভাবনী চর্চা খুবই গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে উপজেলা প্রশাসন, দৌলতখান স্বাগত জানাচ্ছে। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে উপজেলা প্রশাসন, দৌলতখানও একমত। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণমুখী সেবা প্রদানে দৌলতখান উপজেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

## ২.১ রূপকল্প (Vision)

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং **ITES** (Information Technology Enable Services) নির্ভর উপজেলা হিসেবে আত্মপ্রকাশ।

## ২.২. অভিলক্ষ্য (Mission)

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং **ITES** (Information Technology Enable Services)-কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে দৌলতখান উপজেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলকভাবে জনগণের হাতে পৌঁছে দেওয়া।

## ৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- ✓ সহজ সেবা প্রক্রিয়া
- ✓ স্বল্প সময়ে সেবা প্রদান
- ✓ সেবা গ্রহণে ব্যয় লাঘব
- ✓ সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- ✓ নাগরিকের সেবায় ভোগান্তি লাঘব
- ✓ উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই এবং প্রয়োগ

## ৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | মো: কামাল হোসেন, উপজেলা নির্বাহি অফিসার, দৌলতখান, ভোলা। | নাগরিক সেবা প্রদান সহজ হবে | গৃহীত পরিকল্পনা |

বর্ণিত কর্মমূল্যায়নের বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্দ করা হয়েছে। এর মধ্য থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে দৌলতখান উপজেলা ইনোভেশন টিমে কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদণ্ড হবে নিম্নরূপঃ

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণি |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০ এর নিম্নে | দুর্বল |

উদ্ভাবনী চর্চার সূচনা করার ক্ষেত্রে দৌলতখান উপজেলা ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন, প্রয়োজনীয় অর্থায়ন ও বাস্তবায়ন প্রয়োজন। এছাড়া ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি দৌলতখান উপজেলা ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে বিশেষ ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবনী এই কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও উপজেলা ইনোভেশন টিম, দৌলতখান, ভোলা কাজ করে কাঙ্খিত লক্ষ্য অর্জনে আশাবাদী ।

(মো: কামাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা ।

জেলা প্রশাসক, ভোলা।

## উপজেলা প্রশাসন লালমোহন এর
## উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৭-২০১৮

১. ভূমিকা

